শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

ফেব্রুয়ারি/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

তারিখ ও সময় : ১৪/০২/২০২৩, দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদের সভা কক্ষ
উপস্থিত ও অনুপস্থিতি : পরিশিষ্ট ''ক''
সভাপতি : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট ।

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়।এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় জানুয়ারি/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ): জানুয়ারি/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। প্রকৌশল বিভাগ (এলজিইডি): উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভাগ হতে থোক বরাদ্দ হিসেবে প্রাপ্ত ০৩ কিস্তি ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ হিসাব করে প্রকল্প যাচাই বাছাই কমিটির সিদ্ধান্তের আলোকে দরপত্র ও পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে খাতওয়ারী স্কীম তালিকা চূড়ান্ত করা হয়েছে (পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য)। উক্ত স্কীম তালিকা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়। এছাড়া পরিশিষ্ট 'গ' তে প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর তালিকা অনুমোদনেরও প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত-১: পরিশিষ্ট 'খ' এর তালিকা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য স্কীমসমূহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) এবং পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য স্কীমসমূহ পরিশিষ্ট 'গ' এ উল্লিখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) দ্বারা বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় নিম্ন বর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত প্রকল্প সমূহের বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়।

| ক্রমিক | উপ প্রকল্পের নাম | প্রস্তাবিত বাজেট (ভ্যাট আইটি ব্যতীত) | ভ্যাট এর পরিমাণ | আইটি এর পরিমাণ | সর্বমোট প্রস্তাবিত বাজেট |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রগতি উচ্চ বিদ্যালয় ও লালাবাজার বিএল উচ্চ বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ । | ১১,৯৫,১১০/- | ১,০০,১৪৯/- | ৪০,০৬০/- | ১৩,৩৫,৩১৯/- |
| ০২ | আনিলগঞ্জ উচ্চ বিদ্যালয়ে গার্লস ফ্যাসিলিটিজ রুম নির্মাণ। | ১৭,১৭,০৯৬/- | ১,৫৯,৬২০/- | ৫৮,০৪৩/- | ১৯,৩৪,৭৫৯/- |
| ০৩ | কার্প জাতীয় মাছের মিশ্র চায় পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ । | ১,৭০,২৮০/- | ৭,৩৩৬/- | ৪,৯২৯/- | ১,৮২,৫৪৫/- |
| ০৪ | নিরাপদ ও লাগসই আধুনিক কৃষি প্রযুক্তি শীর্ষক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ । | ১,২৯,৫২০/- | ৫,৪৯০/- | ৩,৫২৬/- | ১,৩৮,৫৩৬/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৫ | বেকাকর যুব যুবতিদের গবাদি পশুর ভ্যাক্সিনেটর তৈরি বিষয়ক প্রশিক্ষণ। | ১,৬০,০৮০/- | ৪,৩৫৮/- | ৬,৫০৮/- | ১,৯৭,৪৩৫/- |
| ০৬ | ক্রিস্টাল পণ্য সামগ্রী উৎপাদনের মাধ্যমে বেকার যুব মহিলাদের আয় বর্ধন মূলক প্রশিক্ষণ | ১,৮৪,২৮০/- | ৫,৭৩৯/- | ৭,৪১৬/- | ১,৯৭,৪৩৫/- |
| ০৭ | করোনা ভাইরাস ও যে কোন মহামারী পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্যকর্মী, স্কুল শিক্ষিকা ও স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। | ১,১,৪৮০/- | ৩,৮৭০/- | ২,৭৪৮/- | ১,০৮,০৯৮/- |
| ০৮ | প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ক কর্মশালা। | ১,২৯,৫২০/- | ৪,৮৯০/- | ৩,২৮৬/- | ১,৩৭,৬৯৬/- |
| ০৯ | নিরাপদ সড়কের জন্য সড়ক নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ। | ১,২৪,৮৪০/- | ৪,৬৪৭/- | ২,৪৫৯/- | ১,৩১,৯৪৬/- |

সিদ্ধান্ত-২: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপরোক্ত ০১-০৯ ক্রমিকের বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং নীতিমালা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), কাকরাইল, ঢাকা বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের গোপনীয় সহকারীর বাথরুমের বেসিন ও কমোড ব্যবহার অযোগ্য হওয়ায় তা পরিবর্তন করা বাবদ ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা প্রয়োজন।

সিদ্ধান্ত-৩: উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের গোপনীয় সহকারীর বাথরুমের বেসিন ও কমোড ব্যবহার অযোগ্য হওয়ায় তা পরিবর্তন করা বাবদ ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ অডিটোরিয়ামের ২টি দরজা ও বাথরুমের সামনে ১টি করে পাপোশ, উপজেলা পরিষদ সভা কক্ষের সামনের ২টি দরজায় ২টি পাপোশ, সভা কক্ষের বাথরুমের সামনে ১টি পাপোশ, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং সিএ টু উপজেলা পরিষদের কক্ষের দরজার সামনে ১টি করে পাপোশ, উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের ৪টি বাথরুমের দরজার সামনে ৪টি পাপোশ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ৪টি কক্ষের দরজার সামনে ৪টি পাপোশ এবং ৩টি বাথরুমের দরজার সামনে ৩টি পাপোশ সর্বমোট ২১টি পাপোশ প্রয়োজন। এতে ১৫,০০০/- টাকা ব্যয় হবে মর্মে তিনি সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত-৪: উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, অডিটোরিয়াম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস কক্ষের দরজার সামনে ও বাথরুমের সামনে ১৫,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পাপোশ ক্রয়ের সর্বস্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**০৩। প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় 'রাখালগঞ্জ বাজার হতে গফুরের বাঁধ সড়ক বায়া ইনাতআলীপুর মির্জানগর রাস্তা সংস্কা' বাবদ ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) টাকার বিশেষ উপবরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত রাস্তার দুই পাশে তালগাছের চারা রোপনের নির্দেশনা রয়েছে। সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, বর্ষায় তালগাছের চারা পানির নীচে থাকবে বিধায় তালগাছের চারা মারা যাবে। স্থানীয় কৃষি বিভাগের পরামর্শ হলো যে তালগাছের চারার পরিবর্তে হিজলগাছের চারা লাগানো যেতে পারে। হিজলগাছের শিকড়গুলো মাছের আশ্রয়স্থল এবং মাটি আঁকড়ে ধরে রাখতে উপযুক্ত। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত : রাখালগঞ্জ বাজার হতে গফুরের বাঁধ সড়ক বায়া ইনাতআলীপুর মির্জানগর রাস্তার দুই পাশে তালগাছের চারার পরিবর্তে হিজলগাছের চারা লাগানোর বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

**০৪। স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০ ফেব্রুয়ারি জাতীয় ভিটামিন এ ক্যাপসুল ক্যাম্পেইন। উক্ত ক্যাম্পেইন বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও জানান যে, খুব শীঘ্রই দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশন থিয়েটার চালু হতে যাচ্ছে।

**০৫। পরিবার পরিকল্পনা বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৬। **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, আউস ধানের উৎপাদন বৃদ্ধির জন্য নির্দেশনা রয়েছে। উপজেলার কৃষকদের মাঝে বিনামূল্যে আউস ধানের বীজ বিতরণের জন্য দুই লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য তিনি প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : উপজেলার কৃষকদের মাঝে বিনামূল্যে আউস ধানের বীজ বিতরণের জন্য দুই লক্ষ টাকার প্রকল্প গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কৃষকদের তালিকা তৈরি করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৮। **মৎস্য বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৯। **শিক্ষা বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

**১০। মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় দক্ষিণ সুরমা উপজেলার পাশের হার ৯০%। জিপিএ-৫ পেয়েছে সর্বমোট ৮৮ জন। লতিফা শফি চৌধুরী মহিলা ডিগ্রী কলেজে সর্বোচ্চ জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। ২০২২ সালের আলিম পরীক্ষায় দক্ষিণ সুরমা উপজেলার পাশের হার ৯৮%। জিপিএ ৫ পেয়েছে সর্বমোট ২৬ জন। জালালিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসায় সর্বোচ্চ জিপিএ-৫ পেয়েছে ০৯ জন।

১১। **সমাজসেবা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১২। **সমবায় বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২১-২২ চক্রের ভিডব্লিউবি কার্যক্রম ডিসেম্বর ২০২২ এ সমাপ্ত হয়েছে এবং সঞ্চয়ের টাকা ব্যাংকের মাধ্যমে বিতরণ চলমান। ইতিমধ্যে ২০২৩-২৪ চক্রের চূড়ান্ত তালিকা অনযায়ী কার্ড লেখা সম্পন্ন হয়েছে এবং খাদ্য শস্যের বরাদ্দপত্র পাওয়া গিয়েছে। বিশেষ বিবেচনায় ফেব্রুয়ারি মাসে জানুয়ারি মাসসহ দুই মাসের খাদ্য শস্য ছাড়পত্র দেওয়া হবে। এছাড়াও মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়নে ইউনিয়নের মাসিক বরাদ্দ বিভাজন অনুযায়ী আবেদন এন্ট্রি কাজ চলমান।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ২৬০টি নলকূপ এর মধ্যে ২৪০টি নলকূপ স্থাপন করা হয়েছে। হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ১১৫টি নলকূপ এর মধ্যে ৭৩টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন সম্পন্ন হয়েছে। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ৪০১টি নলকূপের মধ্যে ২২৫টি কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজগুলো চলমান। তিনি বলেন জনস্বাস্থ্য অফিসের সম্মুখের রাস্তাটি ভেঙ্গে গিয়েছে। রাস্তাটি সংস্কার/মেরামতের জন্য তিনি প্রস্তাব রাখেন।

সিদ্ধান্ত : জনস্বাস্থ্য অফিসের সম্মুখের রাস্তাটি সরজমিনে পরিদর্শনপূর্বক প্রাক্কলনসহ প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(গ) উপজেলা ভূমি কমপ্লেক্স সংক্রান্ত :** সহকারী কমিশনার (ভূমি), দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের অভ্যন্তরে পাঁচ তলা বিশিষ্ট উপজেলা ভূমি কমপ্লেক্স নির্মাণের নির্দেশনা রয়েছে। বর্তমান ভূমি অফিসটি ০৮(আট) শতক জায়গার উপর বিদ্যমান। নতুন উপজেলা ভূমি কমপ্লেক্স নির্মাণের জন্য ১৩ (তের) শতক জায়গার প্রয়োজন। অতিরিক্ত আরোও ০৫(পাঁচ) শতক জায়গা প্রয়োজন। উক্ত ভবনে জোনাল সেটেলমেন্ট অফিস, ভূমি অফিস, সহকারী কমিশনার (ভূমি) এর বাসভবন এবং নীচে পার্কিং এর ব্যবস্থা থাকবে। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি কামনা করেন।

সিদ্ধান্ত: পাঁচ তলা বিশিষ্ট উপজেলা ভূমি কমপ্লেক্স নির্মাণের জন্য অতিরিক্ত ০৫(পাঁচ) শতক জায়গা দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের অভ্যন্তরে দেয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**(ঘ) হাটবাজার ইজারা সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, ১৪৩০ বাংলা সনে এ উপজেলায় ইজারাযোগ্য ১৭টি হাটবাজার হতে নিম্নবর্ণিত ০৭টি হাটবাজার ইজারা প্রদানের জন্য সরকারি হাটবাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা এর ৩.১ অনুচ্ছেদ অনুযায়ী দরপত্র মূল্যায়ন ও ইজারা প্রদান কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | হাটবাজারের নাম | ইউনিয়নের নাম | দরপত্রে দাখিলকৃত সর্বোচ্চ ইজারা মূল্য | সর্বোচ্চ দরপত্র দাতার নাম |
|---|---|---|---|---|
| ০১ | লালাবাজার | লালাবাজার | ১৯,৬৫,০০০/- | বাবুল মিয়া, পিতা- আব্দুল মনাফ<br>গ্রাম-শাহ সিকন্দুরপুর, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০২ | নাজির বাজার | লালাবাজার | ৭০,১০০/- | বাবুল মিয়া, পিতা- আব্দুল মনাফ<br>গ্রাম-শাহ সিকন্দুরপুর, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৩ | বাবুর বাজার | লালাবাজার | ৩,০০০/- | বাবুল মিয়া, পিতা- আব্দুল মনাফ<br>গ্রাম-শাহ সিকন্দুরপুর, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৪ | মোগলাবাজার | মোগলাবাজার | ৫,৫৫,৫০০/- | ময়ন উদ্দিন, পিতা- মনতাজ আলী<br>গ্রাম- কটালপুর, ডন্ডিপাড়া, ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ০৫ | রাখালগঞ্জ বাজার | দাউদপুর | ৪,১১,১০০/- | ফারুক উদ্দীন , পিতা- মৃত আব্দুল বারী কুটই<br>গ্রাম- পূর্ব নিমাদল, গোলাপগঞ্জ, সিলেট |
| ০৬ | জালালপুর বাজার | জালালপুর | ২১,৭৮,৫০০/ | কাজী রেজাউল ইসলাম, পিতা- মৃত কাজী রেজাকুল ইসলাম, গ্রাম- কাজীবাড়ী ছত্রিক, ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ০৭ | চৌধুরীবাজার | দাউদপুর | ২,২৫০/- | আব্দুল মালিক, পিতা- আব্দুস সহিদ<br>গ্রাম- দৌলতপুর, দক্ষিণ সুরমা, সিলেট |

উক্ত হাটবাজার সমূহ ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: ১৪৩০ বাংলা সনে উপরোক্ত ০৭টি হাটবাজার পার্শ্বে উল্লেখিত সর্বোচ্চ দরপত্র দাতা বরাবর ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

(ঙ) <u>হাটবাজার ও জলমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি বিল পরিশোধ সংক্রান্ত</u> : উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, ১৪৩০ বাংলা সনে হাটবাজার ইজারার বিজ্ঞপ্তি ১৫/০১/২০২৩ তারিখ দৈনিক সিলেটের ডাক পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিল বাবদ ৩৫,৪৩৮/- (পঁয়ত্রিশ হাজার চারশত আটত্রিশ) টাকা বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক সিলেটের ডাক কর্তৃক দাখিল করা হয়েছে। ১৪৩০ হতে ১৪৩২ বাংলা সনে জলমহাল ইজারার বিজ্ঞপ্তি ১৫/০১/২০২৩ তারিখ দৈনিক সিলেটের ডাক পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিল বাবদ ৩২,৪৮৫/- (বত্রিশ হাজার চারশত পঁচাশি) টাকার বিল বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক সিলেটের ডাক কর্তৃক দাখিল করা হয়েছে। তিনি বিলসমূহ পরিশোধের নিমিত্ত সভায় উপস্থাপন করেন।

<u>সিদ্ধান্ত:</u> ১৪৩০ বাংলা সনে হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ ৩৫,৪৩৮/- (পঁয়ত্রিশ হাজার চারশত আটত্রিশ) টাকা এবং ১৪৩০ হতে ১৪৩২ বাংলা সনে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ ৩২,৪৮৫/- (বত্রিশ হাজার চারশত পঁচাশি) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে:</u> উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

<u>সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য</u> : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। দ্রুত গতিতে এডিপির তালিকা প্রেরণের জন্য তিনি সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০২/২৩ইং

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২. ২২৭ তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..........................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..........................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ..................................................................... কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম................................. সদস্য..........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

নুসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা,সিলেট<br>৯। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ভা:), দক্ষিণ সুরমা ,সিলেট<br>১১। উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৭। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট। | |